

# মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, ঢাকা

২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ : ২৮/১১/২০২৩ খ্রি:

মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে ২০২৪ শিক্ষাবর্ষে ১ম ও ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী সহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ভর্তি ফরম সংগ্রহ, কোটার স্বপক্ষে সনদ যাচাই ও ভর্তির অন্যান্য কাজ সম্পন্ন করতে হবে।

## ভর্তির সময়সূচি

কোটা সনদ যাচাই এবং ফরম বিতরণের তারিখ ও সময় : ২৯/১১/২০২৩ খ্রি: এবং ৩০/১১/২০২৩ খ্রি:

প্রভাতি সকাল: ১০:০০টা হতে দুপুর ১২:০০টা

দিবা: ১০:০০টা হতে দুপুর ১২:০০টা

কোটা সনদ যাচাইয়ের সময় অবশ্যই শিক্ষার্থীকে ভর্তি আবেদন ফরম ও লটারির ফলাফল কপি (ডাউনলোড কৃত) সহ উপস্থিত থাকতে হবে। কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে (শিক্ষার্থীসহ বাবা অথবা মা) সাক্ষাতকারের জন্য উপস্থিত হতে হবে।

পূরণকৃত ভর্তি ফরম নিম্ন লিখিত তারিখ ও সময় অনুযায়ী জমা নেয়া হবে।

০২/১২/২০২৩ - প্রভাতি ও দিবা শাখা: ১০:০০ টা হতে ১২:০০টা পর্যন্ত

০৩/১২/২০২৩ - প্রভাতি ও দিবা শাখা: ১০:০০ টা হতে ১২:০০টা পর্যন্ত

পূরণকৃত ভর্তি ফরমের সাথে যে সকল কাগজপত্র জমা দিতে/সংযুক্ত করতে হবে :

০১। পাসপোর্ট সাইজের সদ্য তোলা রঙিন ছবি ২ কপি (ভর্তি ফরমের নির্ধারিত স্থানে এক কপি আঠা দিয়ে লাগাতে হবে)।

০২। জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি (Photo copy)

০৩। কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটার স্বপক্ষের সনদের সত্যায়িত ফটোকপি।

০৪। ভর্তি আবেদনের এ্যাপলিক্যান্ট কপি এবং ৬ষ্ঠ শ্রেণির ক্ষেত্রে পূর্ববর্তী বিদ্যালয় হতে গৃহীত ছাড়পত্রের মূলকপি।

০৫। ৬ষ্ঠ শ্রেণির ক্ষেত্রে ৫ম শ্রেণি উত্তীর্ণের রেজাল্ট কার্ড/সনদ/প্রশংসাপত্র।

০৬। সহোদর/যমজের ভর্তিতে অতিরিক্ত সংযুক্ত :

- ❖ অধ্যয়নরত ছাত্র ও সহোদর/যমজ কোটায় ভর্তি ইচ্ছুক ছাত্র ও সহোদর উভয়কে স্ব-শরীরে উপস্থিত হতে হবে।
- ❖ অধ্যয়নরত ছাত্রের জন্ম নিবন্ধন, বিদ্যালয় আইডি কার্ড এবং সর্বশেষ রেজাল্ট কার্ডের সত্যায়িত ফটোকপি।
- ❖ বাবা ও মা এর জাতীয় পরিচয়পত্র এর ফটোকপি।

## তিন মাসের বেতন ও সেশন চার্জ

শ্রেণি	ভর্তি ফি	মাসিক	টিফিন ফি	কম্পিউটার	অত্যাৱশ্যকীয়	বাৎসরিক/সেশনচার্জ	সর্বমোট টাকা	মন্তব্য
১ম	৪/-	৪×৩= ১২	৭৫×৩= ২২৫	২০×৩= ৬০	২০×৩= ৬০	১,১৫১/-	১,৫১২/-	
৬ষ্ঠ	১০/-	১০×৩= ৩০	৭৫×৩= ২২৫	২০×৩= ৬০	২০×৩= ৬০	১,১৫১/-	১,৫৩৬/-	

আসন শূন্য থাকা সাপেক্ষে আগামী ০৩/১২/২০২৩ তারিখ বিকাল ৫:০০ টায় মূল অপেক্ষমান তালিকা হতে মেধাক্রমানুসারে শিক্ষার্থী মনোনয়ন দিয়ে পরবর্তী তালিকা প্রকাশ করা হবে। এবং ভর্তি ফরম বিতরণ ও ভর্তি করা হবে।

বি.দ্র: ১। ভর্তির সময় সংশ্লিষ্ট কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

২। কোন অবস্থাতেই আবেদনকারী শিফট পরিবর্তন করতে পারবে না।

৩। কোন আবেদনকারী তথ্য পরিবর্তন করে একাধিকবার আবেদন করলে তার ভর্তি বাতিল বলে গন্য হবে।

৪। ভর্তি ফরম বাবদ ২০ (বিশ) টাকা প্রদান করতে হবে।

প্রধান শিক্ষক  
মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়  
ঢাকা-১০০০